"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মুইন টাওয়ার
৪১৬, নতুন কলেজ রোড, ঝালকাঠি।
Email-ddfpjhalakathi@gmail.com

স্মারক নং-জেপপ/ঝাল/নিয়োগ/২০২১-২৬০

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৮ / ১১ আগস্ট ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ঝালকাঠি জেলার আওতাধীন নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদ পূরণের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত সংশ্লিষ্ট জেলা/ উপজেলা/ইউনিয়ন/ পৌরসভা/ ইউনিট/ ওয়ার্ডের স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন		শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য	
১	২	৩	৪		৫	
১	পরিবার পরিকল্পনা পরিদর্শক গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- (শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	০৩ (তিন)টি	উপজেলার নাম ও পদসংখ্যা		শূন্য ইউনিয়নের নাম	কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ।
			ঝালকাঠি সদর (JHALAKATHI SADAR)-১ (এক)টি		নথুল্লাবাদ (NATHULLABAD)	
			কাঠালিয়া (KATHALIA)-২ (দুই)টি		কাঠালিয়া সদর (KATHALIA SADAR)	
					শৌলজালিয়া (SHOWLAJALIA)	

ক্রঃ নং	পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন			শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য	
২	পরিবার কল্যাণ সহকারী গ্রেড-১৭, ৯০০০-২১৮০০/- (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	৩০ (ত্রিশ)টি	উপজেলার নাম ও পদসংখ্যা	ইউনিয়নের নাম	শূন্য ইউনিটের/ ওয়ার্ডের নাম	যে যে গ্রাম/মহল্লা/এলাকা নিয়ে গঠিত	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ।
			ঝালকাঠি সদর (JHALAKATHI SADAR)-১০ (দশ)টি	পৌরসভা (POURASOVA)-১ (এক)টি	২ নং ওয়ার্ড 2 NO. WARD	বাহের রোড, ডাক্তার পট্টি, কাপুরিয়া পট্টি, পালবাড়ি, পশ্চিম ঝালকাঠি	
				কেওড়া (KAWRA)-২ (দুই)টি	২ নং ওয়ার্ড 2 NO. WARD	পশ্চিম তারুলি, পূর্ব তারুলি, নৈকাঠি, আইহর, গদ্যকাঠি, মহৎপুর,	
					৩ নং ওয়ার্ড 3 NO. WARD	সারেংগল, বামুনিকাঠি, পাকমহর, রুনমতি, বেলদাখান, নওহাটা, কেওড়া	
				কীর্তিপাশা (KIRTIPASHA) ২ (দুই)টি	১/ক 1/KA	খাজুরা, খোদ্দবহর, মিরাকাঠি	
					৩/ক 3/KA	গবিন্দধবল, আদোকাঠি, রমানাথপুর, রুনসী, চৌদ্দঘর	
				বাসন্ডা (BASONDA) ১ (এক)টি	১/ক 1/KA	বাসন্ডা, দারখি, চামটা	
				গাবখান ধানসিঁড়ি (GABKHAN DHANSIRI)-২ (দুই)টি	১ নং ওয়ার্ড 1 NO. WARD	কিত্তাকাঠি, সাচিলাপুর, চরকাঠি, ভাটারাকান্দা, চরভাটারাকান্দা, চর ভাটারাকান্দা আবাসন	
					৩ নং ওয়ার্ড 3 NO. WARD	পশ্চিম বিয়াপাড়া, পূর্ব বিয়াপাড়া, ওস্তাখান, গাবখান, রূপসীয়া	
				শেখেরহাট (SHEKHERHAT)-১ (এক)টি	১/খ 1/KHA	গুয়াটন, নওপাড়া	
				নথুল্লাবাদ (NOTHULLABAD) ১ (এক)টি	২ নং ওয়ার্ড 2 NO. WARD	পিড়ুন্ডি, হরিপাশা, চাটৈর, দিবাকরকাঠি, হবিরকাঠি	
			নলছিটি (NALCHITY) ৭ (সাত)টি	পৌরসভা (POURASOVA)-১ (এক)টি	১ নং ওয়ার্ড 1 NO. WARD	মালিপুর, নাঙ্গুলী, নান্দিকাঠি, শীতলপাড়া, বৈচন্ডি	
				ভৈরবপাশা (VOIROBPASHA) -২ (দুই)টি	১/ক 1/KA	ঢাপড়, রূপচন্দ্রপুর, প্রতাপ, ছোট প্রেমহার, রায়পাশা	
					২/ক 2/KA	বড় প্রেমহার, ঈশ্বরকাঠি, লক্ষণকাঠি	
				মগড় (MOGOR)-১ (এক)টি	২/ক 2/KA	আমিরাবাদ, ডুবিল, উত্তর মগড়	
				নাচনমহল (NACHONMOHOL) ১ (এক)টি	৩/ক 3/KA	বভানীপুর, দক্ষিণ ডেবরা	
				সুবিদপুর (SUBITPUR)-১ (এক)টি	২/ক 2/KA	সুবিদপুর, মজকুনী	
				দণ্ডদপিয়া (DOPDOPIA) ১ (এক)টি	২/ক 2/KA	ভরতকাঠি, দুধারিয়া, উত্তর জুরকাঠির	
				রাজাপুর (RAJAPUR) ৮ (আট)টি	সাতুরিয়া (SATURIA) ২ (দুই)টি	১/ক 1/KA	নৈকাঠি
						৩/ক 3/KA	গড়ৈয়া, দক্ষিণ তারাবুনিয়ার
					সুক্তাগড় (SHUKTAGOR)-৩ (তিন)টি	১/খ 1/KHA	কানুনিয়া, আউঘিরা, ঘিঘরা, বামনকাঠি
						২/খ 2/KHA	জঁগৈরহাট, জগন্নাতপুর, গোপালপুর, সাংগর
						৩/ক 3/KA	সুক্তাগড়, কাঠিপাড়া
					মঠবাড়ি (MOTHBARI)-৩ (তিন)টি	১/ক 1/KA	বাঘড়ি, চর বাঘড়ি, চর হাইলাকাঠি
						২/ক 2/KA	দক্ষিণ সাউথপুর, উত্তর সাউথপুর, বাদুরপুর, বদনিকাঠি
						১/খ 1/KHA	হাইলাকাঠি, পশ্চিম ইন্দ্রপাশা, পূর্ব ইন্দ্রপাশা
				কাঠালিয়া (KATHALIA) ৫ (পাঁচ)টি	চেচরীরামপুর (CHACRIRAMPUR) - ১ (এক)টি	১/ক 1/KA	উত্তর চেচরী, দক্ষিণ চেচরী
					পাটিখালঘাটা (PATIKHALGHATA)-১ (এক)টি	৩/ক 3/KA	মরিচবুনিয়া, দক্ষিণ মরিচবুনিয়া
					কাঠালিয়া সদর (KATHALIA SADAR) ১ (এক)টি	৩/ক 3/KA	হ্যাতালবুনিয়া, মশাবুনিয়া
					আওরাবুনিয়া (AWRABUNIA) ২ (দুই)টি	১/ক 1/KA	পশ্চিম ছিটকি, উত্তর ছিটকি
						৩/ক 3/KA	আওরাবুনিয়া
৩	আয়া, গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	০৪ (চার)টি	ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দা				৮ম শ্রেণি/সমমান পরীক্ষায় পাশ

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবে :

(১) পরিবার পরিকল্পনা পরিদর্শক পদের আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যথায়ভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(২) পরিবার কল্যাণ সহকারী পদের আবেদনকারীকে অবশ্যই শূন্য পদের বিপরীতে প্রদর্শিত সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট ইউনিট/ওয়ার্ডের আওতাভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যথায়ভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৩) ২৫/০৩/২০২০ (২৫ মার্চ ২০২০) তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৫) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬) নিয়োগ বিজ্ঞপ্তির ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] এবং ২ থেকে ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] জমা দিতে হবে;

(৭) প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি;

(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ;

(জ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(৯) মৌখিক পরীক্ষার সময় অনুচ্ছেদ-৮ এর নির্দেশনামতে জমাকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শনের পাশাপাশি ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদ/কাগজপত্রের সাথে অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যের অসামাঞ্জস্যতা পাওয়া গেলে প্রার্থীর প্রার্থিতা বাতিল হয়ে যাবে।

(১০) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(১১) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।

(১৩) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলি ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলিসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি :

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dgfpjha.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪/০৮/২০২১, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩/০৯/২০২১, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 80 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোনো তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোনো আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে এক কপি এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] এবং ২ থেকে ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান প্রক্রিয়া:

প্রথম SMS: DGFPJHA<SPACE>User ID লিখে 16222 নম্বরে SEND করতে হবে।

উদাহরণ : DGFPJHA ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, your PIN is 123456789. To pay fee Type DGFPJHA<Space<YES<Space<PIN and send to 16222

দ্বিতীয় SMS: DGFPJHA<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ : DGFPJHA YES 123456789

Reply: Congratulations Aplicant's Name, Payment completed successfully for DGFPJHA Recruitment Application for XXXXXXX, User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfpjha.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে আবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে : DGFPJHA<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ : DGFPJHA HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে : DGFPJHA<Space>HELP<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ : DGFPJHA HELP PIN 123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোনো অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১২১ নম্বরে কল করুন।

এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(ই-মেইলের Subject-এ DGFPJHA, xxxxxxxxxxxx (পদের নাম), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

শেষ সময়ের জন্য অপেক্ষা না করে দ্রুত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ কামাল হোসেন
উপপরিচালক
ও
সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা নিয়োগ/বাছাই কমিটি, ঝালকাঠি।
Email-ddfpjhalakathi@gmail.com

পিএফ-৪৭৭-৭৭৮/২১ (৪০"×৪)